রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, জুলাই ৯, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরী বোর্ড শাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ/০৩ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ২৬৩-আইন/২০২৪।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন ‘দর্জি কারখানা’ শিল্প সেক্টর, অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, এর শ্রমিকের জন্য নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নের তফসিল-ক ও তফসিল-খ তে বর্ণিত মজুরীর হারকে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, উক্ত শ্রমিকের জন্য নিম্নতম মজুরী হার হিসাবে ঘোষণা করিল, যথা :—

**তফসিল-ক**
**শ্রমিকের নিম্নতম মজুরী হার**

| শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (বিভাগীয় শহরে মূল মজুরীর ৪০% এবং জেলা ও উপজেলা শহরে মূল মজুরীর ৩৫%) (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| **গ্রেড-১ (উচ্চতর দক্ষ) :**<br>১। কাটার মাস্টার (জেন্টস)<br>২। কাটার মাস্টার (লেডিস) | বিভাগীয় শহর | ১৩৮০০/- | ৫৫২০/- | ৭৫০/- | ৪৫০/- | ২০৫২০/- |
| | জেলা ও উপজেলা শহর | ১৩৮০০/- | ৪৮৩০/- | ৭৫০/- | ৪৫০/- | ১৯৮৩০/- |


**মূল্য :** টাকা ৮.০০

| শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (বিভাগীয় শহরে মূল মজুরীর ৪০% এবং জেলা ও উপজেলা শহরে মূল মজুরীর ৩৫%) (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| **গ্রেড-২ (উচ্চতর দক্ষ) :**<br>১। হিসাবরক্ষক | বিভাগীয় শহর | ১২৯০০/- | ৫১৬০/- | ৭৫০/- | ৪৫০/- | ১৯২৬০/- |
| ২। সেলসম্যান/ ডেলিভারিম্যান<br>৩। স্টোরম্যান<br>৪। পুরুষদের কোট, প্যান্ট, সেরওয়ানী, সাফারী, ডাক্তারী এপ্রোন বা অনুরূপ সেলাই কারিগর<br>৫। মহিলাদের বোরকা, এপ্রোন, কোট, প্যান্ট, ম্যাক্সি, মিডি বা অনুরূপ সেলাই কারিগর | জেলা ও উপজেলা শহর | ১২৯০০/- | ৪৫১৫/- | ৭৫০/- | ৪৫০/- | ১৮৬১৫/- |
| **গ্রেড-৩ ( দক্ষ) :**<br>১। পুরুষদের শার্ট, | বিভাগীয় শহর | ১২৩০০/- | ৪৯২০/- | ৭৫০/- | ৪৫০/- | ১৮৪২০/- |
| পাঞ্জাবী, পায়জামা, স্কুল ড্রেস বা অনুরূপ সেলাই কারিগর<br>২। মহিলাদের ব্লাউজ, ফ্রক, কামিজ, সেলোয়ার, থ্রি পিস বা অনুরূপ সেলাই কারিগর<br>৩। রেডিমেড পোশাক (পুরুষ/মহিলা/ শিশুদের জন্য) মেকার | জেলা ও উপজেলা শহর | ১২৩০০/- | ৪৩০৫/- | ৭৫০/- | ৪৫০/- | ১৭৮০৫/- |

| শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (বিভাগীয় শহরে মূল মজুরীর ৪০% এবং জেলা ও উপজেলা শহরে মূল মজুরীর ৩৫%) (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| **গ্রেড-৪ (আধা-দক্ষ) :** ১। ফিউজিং অপারেটর ২। আইলেট অপারেটর ৩।ওভারলক অপারেটর ৪। সাধারণ সেলাই কারিগর ৫। সিকিউরিটি গার্ড | বিভাগীয় শহর | ৫৪০০/- | ২১৬০/- | ৭৫০/- | ৪৫০/- | ৮৭৬০/- |
| | জেলা ও উপজেলা শহর | ৫৪০০/- | ১৮৯০/- | ৭৫০/- | ৪৫০/- | ৮৪৯০/- |
| **গ্রেড-৫ (অদক্ষ) :** ১। জেন্টস কাজের হেলপার ২। লেডিস কাজের হেলপার ৩। রেডিমেড পোশাকের হেলপার ৪। অন্যান্য কাজের হেলপার ৫। টি বয় | বিভাগীয় শহর | ৪৫০০/- | ১৮০০/- | ৭৫০/- | ৪৫০/- | ৭৫০০/- |
| | জেলা ও উপজেলা শহর | ৪৫০০/- | ১৫৭৫/- | ৭৫০/- | ৪৫০/- | ৭২৭৫/- |

**শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে :**

(ক) শিক্ষানবিশিকাল হইবে ৩ (তিন) মাস :

তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়;

(খ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন; এবং

(গ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৬০০০/- (ছয় হাজার) টাকা প্রাপ্ত হইবেন।

**তফসিল-খ**

**শ্রমিকের জন্য ফুরনভিত্তিক (Piece rate) মজুরী হার**

| ক্রমিক নম্বর | কাজের আইটেম, প্রকৃতি বা ধরন | নিম্নতম মজুরি (প্রতিটি/প্রতি সেট) (টাকা) |
|---|---|---|
| ১। | কোট সেলাই | ৯০০/- |
| ২। | প্যান্ট সেলাই | ২৪৮/- |
| ৩। | সেরওয়ানি সেলাই | ১০৫০/- |
| ৪। | সাফারী সেলাই | ৪৫০/- |
| ৫। | ডাক্তারী এপ্রোন সেলাই | ৩০০/- |
| ৬। | বোরকা সেলাই | ৩০০/- |
| ৭। | ম্যাক্সি সেলাই | ১৫০/- |
| ৮। | শার্ট সেলাই | ১৭৩/- |
| ৯। | পাঞ্জাবী/কাবলি সেলাই | ১৮০/- |
| ১০। | পায়জামা সেলাই | ১২০/- |
| ১১। | ব্লাউজ সেলাই | ৭৫/- |
| ১২। | সেলোয়ার সেলাই | ১০৫/- |

| ক্রমিক নম্বর | কাজের আইটেম, প্রকৃতি বা ধরন | নিম্নতম মজুরি (প্রতিটি/প্রতি সেট) (টাকা) |
|---|---|---|
| ১৩। | স্কুল ড্রেস সেলাই | ৩০০/- |
| ১৪। | থ্রি পিস সেলাই | ২৪০/- |
| ১৫। | মুজিব কোট সেলাই | ৬৬০/- |
| ১৬। | ওয়াচ কোট সেলাই | ২৬৪/- |

**শর্তাবলি :**

১। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত নিম্নতম মজুরী হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার 'দর্জি কারখানা' শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হবে।

২। তফসিল-ক এ উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণি বা গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। তফসিল-ক এ উল্লিখিত শ্রমিক বর্তমানে যেই গ্রেডে কর্মরত রহিয়াছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরী কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরী নির্ধারণ করিতে হইবে এবং কোনো শ্রমিককে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই প্রজ্ঞাপন জারির পরবর্তীতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিল-ক এ উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিককে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্তকরত মজুরী স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল-ক এ উল্লিখিত মজুরী সংশ্লিষ্ট শ্রমিকের মাসিক নিম্নতম মজুরী এবং তফসিল-খ এ উল্লিখিত মজুরী নিম্নতম ফুরনভিত্তিক মজুরী হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রদান করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিক পক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে, এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিককে অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৭। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২ (৬৫) অনুযায়ী 'শ্রমিক' বলিয়া গণ্য হইবেন এবং উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হইলে তাহার দায় দায়িত্ব মালিক পক্ষের উপর বর্তাইবে এবং ঠিকাদার সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত ৭ এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ১৫০ এবং ১৬১ এর বিধান অনুযায়ী মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। উক্ত শিল্প সেক্টরের মালিক যদি শ্রমিককে ফুরনভিত্তিক ( Piece rate) মজুরী প্রদান করিয়া থাকেন, তবে তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রাপ্ত না হন।

১০। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত নিম্নতম মজুরী ও বিভিন্ন ভাতা ছাড়াও শ্রমিক কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা প্রাপ্য হন উহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

১১। এই প্রজ্ঞাপনে উল্লিখিত নিম্নতম মজুরী সমন্বয় করিয়া ১ (এক) বৎসর কর্মরত থাকিবার পর শ্রমিকের মূল মজুরীর ৫% (শতকরা পাঁচ শতাংশ) হারে বাৎসরিক ভিত্তিতে মজুরী বৃদ্ধি পাইবে এবং পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় মূল মজুরীর ৫% (শতকরা পাঁচ শতাংশ) হারে বৃদ্ধি পাইবে।

**ব্যাখ্যা :** যদি একজন শ্রমিকের মূল মজুরী ৪৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা হয়, তবে এক বৎসর কর্মরত থাকিবার পর তাহার বাৎসরিক মজুরী বৃদ্ধি পাইয়া মূল মজুরী ৪৭২৫/- (চার হাজার সাতশত পঁচিশ) টাকা নির্ধারিত হইবে এবং পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে অর্থাৎ মূল মজুরী ৪৭২৫/-(চার হাজার সাতশত পঁচিশ) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৪৯৬১.২৫ (চার হাজার নয়শত একষট্টি টাকা পঁচিশ পয়সা) টাকা নির্ধারিত হইবে।

১২। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

১৩। উক্ত শিল্প সেক্টরের শ্রমিকের কর্মঘণ্টা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী নির্ধারিত হইবে।

১৪। এই প্রজ্ঞাপনে উল্লিখিত কোনো বিষয় বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সহিত সাংঘর্ষিক হইলে উহা বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা সুলতানা**
উপসচিব।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd